গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৬/ ৬৫৮ তারিখ: ০৮ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৩৮/২০২২**

**বিষয়: আমদানিকৃত "Transformer (Partial Shipment out of; Supply of One Nos 50 Ton Capacity Induction Furnace with Standard Accessories)" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: BSRM Steels Ltd. এর ২৩/০৯/২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

BSRM Steels Ltd. নামক প্রতিষ্ঠান "Transformer (Partial Shipment out of; Supply of One Nos 50 Ton Capacity Induction Furnace with Standard Accessories)" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | BSRM Steels Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | BSRM Steels Ltd., Ali Mansion, 1207/1099, Sadarghat Road, Chattogram. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | "Transformer (Partial Shipment out of; Supply of One Nos 50 Ton Capacity Induction Furnace with Standard Accessories)" |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Assembled |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8514.20.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:

"Transformer (Partial Shipment out of; Supply of One Nos 50 Ton Capacity Induction Furnace with Standard Accessories)" পণ্যটি Furnace এর ক্ষেত্রে ব্যবহৃত হবে। পণ্যটি Assembled প্রকৃতিতে আমদানি করা হবে। পণ্যের গঠন উপাদান হচ্ছে Copper Coil & Iron Core.

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারকের চাহিত এইচ.এস. কোড-এর Heading এর terms গুলো নিম্নরূপঃ
8514.20.00: Furnaces and ovens functioning by induction or dielectric loss
অর্থাৎ ঘোষিত এইচ.এস. কোড অনুসারে আমদানিতব্য পণ্য ফার্নেস। কিন্তু এতদসংগে প্রেরিত আবেদন পর্যালোচনায় দেখা যায়, আমদানিকারক মূলত বিভিন্ন ক্ষমতার এক/একাধিক ট্রান্সফরমার আমদানি করবেন যা 50Ton/24MW ক্ষমতার Induction Furnace (Electric Induction Furnace) এর অবিচ্ছেদ্য অংশ। বর্ণিত ট্রান্সফরমারগুলো partial shipment হিসেবে আমদানিতব্য হলেও আমদানিকারক এগুলো ট্রান্সফরমারের কোড-এ ঘোষণা না করে ফার্নেসের কোডে ঘোষণা করেছেন। আমদানিতব্য ট্রান্সফরমারগুলোকে ফার্নেসের Parts হিসেবে শ্রেণিবিন্যাস করা যাবে না, আবার বিভিন্ন অংশসহ একটি সম্পূর্ণ ফার্নেস বা প্লান্টকে একটি এইচ.এস. কোডে শ্রেণীবিন্যাসের অনুমতি দেওয়া অগ্রিম রুলিং ইউনিট -এর আওতা বহির্ভূত।

ট্রান্সফরমার নির্দিষ্টভাবে হেডিং ৮৫.০৪ এ উল্লেখিত আছে বিধায় General Rules for the Interpretation of the Harmonized System এর Rule 3a অনুসারে এটি হেডিং ৮৫.০৪ তে শ্রেণিবিন্যাসিত হবে। তবে পূর্ণাঙ্গ এইচ.এস. কোড নির্ধারণের জন্য আরো কিছু বিষয় নিশ্চিত হওয়া প্রয়োজন।

দাখিলকৃত আবেদন পর্যালোচনায় কয়টি, কি ধরণের (Liquid dielectric or other type), কত Power handling Capacity এর ট্রান্সফরমার আমদানি করা হবে তা স্পষ্ট নয়। এছাড়া সরবরাহকৃত ক্যাটালগ-এ একাধিক ট্রান্সফরমার-এর সংক্ষিপ্ত বিবরণ পাওয়া যায় যা রুলিং প্রদানের জন্য যথেষ্ট নয়। এমতাবস্থায়, সকল বস্তুগত ঘটনা যথাযথভাবে নিরুপন করা সম্ভব হচ্ছে না বিধায় কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ১০(১)(গ) অনুসারে এ বিষয়ে অগ্রিম রুলিং প্রদান করা সম্ভব হচ্ছে না।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

**স্বাক্ষরিত/-**০৮/১১/২০২২
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.১৬/ ৩৫৮ তারিখ: ০৮ নভেম্বর, ২০২২ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। BSRM Steels Ltd., Ali Mansion, 1207/1099, Sadarghat Rasd, Chattogram.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

০৮/১১/২২
(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com